

# যুগান্তর

১০ পৌরসভায় প্রযুক্তির নতুন ছোঁয়া

প্রকাশ : ০৮ মে ২০১৮, ১৫:৪৭ | অনলাইন সংস্করণ

যুগান্তর ডেস্ক



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশের ১০টি পৌরসভায় “ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট” নামে পাইলট প্রকল্প চালুর বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, এটুআই এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) এর মধ্যে একটি সমঝোতা স্মারক সোমবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সভাকক্ষে স্বাক্ষরিত হয়।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফা জব্বার।

উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ড. জাফর আহমেদ খান, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ; সুবীর কিশোর চৌধুরী, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; জো হেন-জু, কান্ট্রি ডিরেক্টর, কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) বাংলাদেশ অফিস; এটুআইপ্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং “ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন” প্রকল্পের প্রকল্প পরিচালক মোঃ মনির হোসেন।

অনুষ্ঠানে মন্ত্রী বলেন, ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন” প্রকল্পটি কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) এর সহযোগিতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

এ প্রকল্পের আওতায় বাংলাদেশের ১০টি পৌরসভায় “ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট” নামে একটি পাইলট প্রকল্পবাস্তবায়ন করা হবে।

পাইলট প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে বাংলাদেশের ১০টি পৌরসভার নাগরিক পৌরসভার চারটি সেবা অনলাইনের মাধ্যমে সহজেই মোবাইল অ্যাপস দ্বারা সম্পন্ন করতে পারবেন।

পাইলট প্রকল্পের আওতায় অনলাইন হোল্ডিং ট্যাক্স ও ওয়াটার বিলিং সার্ভিসেস, অনলাইন কাউন্সিলর সার্টিফিকেট সার্ভিসেস, অটোমেটেড প্রোপার্টি ম্যানেজমেন্ট সার্ভিসেসএবংই-ট্রেড লাইসেন্স সার্ভিসেস বাস্তবায়ন করা হবে।

মন্ত্রী আরো বলেন, এটি একটি ঐতিহাসিক মুহূর্ত, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণের দোড়গোড়ায় ডিজিটাল সেবাসমূহ পৌঁছে দেয়ার যে উদ্দেশ্যে আমরা কাজ করছি “ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট” তারই একটি প্রতিফলন। প্রাথমিকভাবে ১০টি পৌরসভায় শুরু করছি যা ভবিষ্যতে সারা দেশের সকল পৌরসভায় চালু করার পরিকল্পনা রয়েছে।

সমঝোতা স্মারকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অতিরিক্ত সচিব মোঃ মামুন-আল-রশীদ; স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব মোঃ মাহবুব হোসেন; এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রকল্প পরিচালক মোঃ মোস্তাফিজুর রহমান এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) বাংলাদেশ অফিস এর কান্ট্রি ডিরেক্টর জো হেন-জু স্বাক্ষর করেন।

এ অনুষ্ঠানে প্রকল্প পরিচালক মোঃ মনির হোসেন, ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন” প্রকল্পের আওতায় গৃহীত পাইলট প্রকল্প “ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট” এর লক্ষ্য, উদ্দেশ্য ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ তুলে ধরেন।

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নায়ী “ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় শীর্ষক পাইলট প্রকল্পটি নিম্নবর্ণিত ১০ টি পৌরসভায় বাস্তবায়ন করা হবে-

১ গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ

২ টুঞ্জিপাড়া পৌরসভা, গোপালগঞ্জ

৩ ফরিদপুর পৌরসভা, ফরিদপুর

৪ সিংড়া পৌরসভা, নাটোর

৫ নাটোর পৌরসভা, নাটোর

৬ পীরগঞ্জ পৌরসভা, রংপুর

৭ ময়মনসিংহ পৌরসভা, ময়মনসিংহ

৮ ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ

৯ রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর

১০ তারাবো পৌরসভা, নারায়নগঞ্জ

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬